"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, তফুরুন নেছা লাবনী" কাজ করছেন বিভিন্ন ধরনের পোশাক পণ্য নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন নারায়ণগঞ্জ থেকে। অনেক আগে থেকেই তিনি অফলাইনে হাতের কাজের পণ্য নিয়ে কাজ করতেন। নিজের হাতের কাজের পন্য নিয়ে কাজ করার পাশাপাশি "উদ্যোক্তা-তফুরুন নেছা লাবনী" তার স্বামীর ব্যবসায়িক কাজে অ্যাকাউন্টেন্ট হিসেবে ৭-৮ বছর কর্মরত ছিলেন। সবকিছু যখন ঠিকভাবে চলছিলো তখনই একটি অ্যাক্সিডেন্ট তার জীবনকে থমকে দেয়। অ্যাক্সিডেন্টের পর থেকে তিনি আর নিজের হাতে তৈরী পণ্য নিয়ে কাজ করতে পারেন নি। একটি দুর্ঘটনা হয়তো উদ্যোক্তা, তফুরুন নেছা লাবনীকে তার নিজ হাতে পণ্য তৈরী থেকে দূরকরে দিয়েছে কিন্তু ইচ্ছাশক্তিকে দূর করতে পারেনি। আর তাই তিনি অনলাইনে ড্রেস নিয়ে কাজ শুরু করেন। জীবনে চলার পথটা সবসময় আমাদের গল্পের মতো সহজ নয়। উদ্যোক্তা-তফুরুন নেছা লাবনীর উদ্যোক্তা হবার গল্পেও প্রতিবন্ধকতা ছিলো। তিনি ছিলেন পরিবারের বড় বউ। মফস্বল শহরে বসবাসের কারণে তাকে তার কাজ এবং পড়াশোনা নিয়ে অনেকের কাছ থেকে অনেক কথা শুনতে হয়। তার নিকট আত্মীয়রাও তাকে নানা রকম কথা বলেন। উনার কাজে সবচেয়ে বেশি সাপোর্ট পেয়েছেন উনার সন্তানদের কাছ থেকে। তারা বিভিন্ন ভাবে তাকে সাপোর্ট করেছেন এবং তিনি তার কাজের মাধ্যমে প্রমান করে দিয়েছেন একজন নারী উদ্যোক্তা সব প্রতিবন্ধকতাকে পেছনে ফেলে সফল ব্যবসায়ী হতে পারেন। সফলতা অর্জনের পর এখন তাকে সবাই সাপোর্ট করেন। সফলতা একটা সময় সবাইকেই আপনার পক্ষে নিয়ে আসবে। কারন আমরা সবাই সফলতার গল্প খুঁজি। সফলতা অর্জন করলে পেছনের প্রতিবন্ধকতার গল্পে আশেপাশের মানুষগুলোর বাঁধা দেয়ার ভূমিকা তখন সবাই দিব্যি ভুলে যাই। আর তাই এই সফলতার পেছনের সময়টুকু ধৈর্য্যর সাথে, নিজের কাজের প্রতি আস্থা রেখে পথ চলতে পারলেই নিজের স্বপ্ন পূরণ সম্ভব।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/298



কুইন
আয়েশা আক্তার
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way
নারী থেকে উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, আয়েশা আক্তার" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। শখের বসে তিনি কাজটি শুরু করেন। তার আশে-পাশে যখনই কোন অনুষ্ঠান হতো তিনি তার রান্না সম্পর্কে তাদেরকে জানাতেন এবং আনুষ্ঠানিক খাবারের অর্ডারটি নিতে আগ্রহী থাকতেন। রান্নাতে তার সুনাম থাকায় পরিচিত সকলেই তাকে অনুষ্ঠানের খাবারের অর্ডারটি "উদ্যোক্তা- আয়েশা আক্তার"কে দিতেন। সবাই তার রান্না করা খাবার পছন্দও করতো। ইতিবাচক সাড়া পাবার পর তিনি ঠিক করেন নিজের জন্য কিছু করার। তিনি যেহেতু রান্নাতে পারদর্শী ছিলেন তাই এই রান্নাকে ঘিরেই তিনি নিজের পরিচয় তৈরি করতে চেয়েছিলেন। এরপর তিনি বিভিন্ন প্লার্টফর্মে কাজ শুরু করেন নিজের রান্না করা খাবার সকলের নিকট পৌছে দিতে। তিনি নিজের কাজের মাধ্যমে স্বাবলম্বী হতে শুরু করেন। তিনি এখনো তার হোমমেড ফুড নিয়ে কাজ চালিয়ে যাচ্ছেন এবং তার উদ্যোক্তা হবার পথে সবথেকে ইতিবাচক দিক ছিলো যে তার কাজে কোন প্রতিবন্ধকতা ছিলনা।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/1554



কুইন

**মুনিরা পারভিন শুমা**

**"নারী উদ্যোক্তা"**

প্রোডাক্ট

**হোমমেড ফুড**

ঠিকানা

**ঢাকা**

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, মুনিরা পারভিন শুমা" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। "কুইন- মুনিরা পারভিন শুমা" এর মা ভীষণ ভালো রান্না করতেন। এ কারণে ছোটবেলা থেকেই উনার রান্নার প্রতি আগ্রহ ছিল প্রখর। কেক বানানো ছিলো তার পছন্দের কাজগুলোর ভেতর একটি। "কুইন- মুনিরা পারভিন শুমা"এর ২ সন্তান ছোট থাকার কারণে তার স্বামী চায়নি উনি সে মুহূর্তে রান্নার কাজ নিয়ে সামনে এগিয়ে যাক। তবুও কাজের প্রতি আগ্রহ থাকার কারনে তিনি একটি বেকিং কোর্স করতে চেয়েছিলেন। কিন্তু কোর্সটি করার জন্য তার কাছে পর্যাপ্ত টাকা ছিলোনা। এমন সময় তার মা তাকে টাকা দিয়ে বলেন কোর্সটি  করতে। অবশেষে তিনি কোর্সটি সম্পন্ন করেন এবং তার শেখা কোর্স শেষে প্রথম বানানো কেকটি  তার বাবা-মায়ের জন্য নিয়ে যান। "কুইন- মুনিরা পারভিন শুমা" এর কাজের প্রতি আগ্রহে তার বাবা মায়ের ইতিবাচক সমর্থন তাকে কাজের প্রতি আরো অনুপ্রাণিত করে। উনার কেক এবং অন্যান্য খাবার সবার কাছেই পছন্দনীয় ছিলো তাই অনেকেই তাকে বলতো নিজের একটি পেজ ওপেন করতে, তার রান্নার কাজকে প্রসারিত করতে। উদ্যোগের শুরুর দিকে তিনি নিজের টাকায় কাজ শুরু করেন বাসায় থাকা পণ্য দিয়েই। যখন অর্ডার আসতে শুরু করে তখন তিনি নিজের টাকায় পণ্য কিনে অর্ডার ডেলিভার করতেন। এখন তিনি তার অর্জিত টাকা দিয়েই রান্নার জন্য প্রয়োজনীয় সকল কিছু কিনে নিয়েছেন। এখন অর্ডার আসলে তিনি তার অর্জিত অর্থ দিয়েই পণ্য তৈরি করে ডেলিভার করেন। এখন তার কাজে সবাই তাকে সাপোর্ট করে। "কুইন- মুনিরা পারভিন শুমা"এর নিজের একটি রেস্টুরেন্ট ওপেন করার স্বপ্ন ছিলো, স্বপ্ন পূরণের লক্ষ্যে তিনি ১ বছর ধরে তার হোমমেড ফুড নিয়ে অনলাইন এবং অফলাইনে কাজ করে চলেছেন। শুভকামনা "উদ্যোক্তা, মুনিরা পারভিন শুমা" এর জন্য, তিনি তার স্বপ্ন পূরণে সফল হোক।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/1979



কুইন
হাবিবা হক
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
পোশাক পণ্য
ঠিকানা
নারায়ণগঞ্জ

On The Way নারী থেকে উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, হাবিবা হক" কাজ করছেন বিভিন্ন ধরনের পোশাক পণ্য নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন নারায়ণগঞ্জ থেকে। "উদ্যোক্তা-হাবিবা হক" তার মামীর অনুপ্রেরণায় অনলাইনে কাজ শুরু করেন। মাস্টার্স কমপ্লিট করার পর তিনি নিজে থেকে কোন কাজ শুরু করতে চান। মাস্টার্স শেষ করার পর তিনি যখন কাজ শুরু করতে চেয়েছেন তখন তার স্বামী তাকে বাঁধা দিয়েছিলেন। সমাজের পরিবেশ পরিস্থিতি তার সহধর্মিণী "হাবিবা হক" এর অনুকূলে আদৌ থাকবে কিনা এ বিষয়ে চিন্তিত হয়ে তিনি চান নি তার স্ত্রী বাইরে কাজ করুক। কিন্তু "কুইন-হাবিবা" এভাবে কিছু না করে অযথাই ঘরে বসে থাকতে চান নি। তিনি চেয়েছেন নিজেকে স্বাবলম্বী করতে। এমন সময় "উদ্যোক্তা-হাবিবা হক" এর মামী উনাকে পরামর্শ দেন বাসায় বসে অনলাইনে পোশাক পণ্য নিয়ে কাজ করতে। যেহেতু তার মামী নিজেও অনলাইনে কাজ করতেন তাই তিনি উনাকে এ ব্যাপারে পরার্মশ দিয়েছিলেন। হাবিবা হক এর মামীও চেয়েছিলেন "কুইন- হাবিবা" তার পরিস্থিতি থেকে বের হয়ে এসে স্বপ্ন পূরণ করুক। অতঃপর তিনি তার মামীর পরামর্শ অনুযায়ী অনলাইনে কাজ শুরু করেন পোশাক পণ্য নিয়ে। উদ্যোক্তা হবার পথে প্রতিবন্ধকতা বলতে তার স্বামী কখনো চাননি তিনি কাজ করেন, যার কারনে তিনি উদ্যোক্তা হাবিবাকে তার ব্যবসায় কোনরকম সাপোর্ট করেন নি। তবে তিনি যখন দেখলেন তার স্ত্রী নিজের পর্দা রক্ষা করে ঘরে বসে নিজের ব্যবসা অনলাইনে পরিচালনা করছেন সুন্দরভাবে তখন থেকে তিনি এ বিষয়ে আর কোন বাধাঁ দেন নি। ব্যবসায়িক পথে অনেক সময় এমন হয়েছে যে, "উদ্যোক্তা-হাবিবা হক" তার উদ্যোগের পণ্যের ছবি আপলোড করার পর অনেকেই তার কাছ থেকে পণ্যের মূল্য জেনে নিয়ে তাদের পণ্যের মূল্য কমিয়ে ব্যবসা করেছেন তবে "উদ্যোক্তা-হাবিবা হক" এর প্রোডাক্ট কোয়ালিটি ভালো হওয়ার কারণে আল্লাহর রহমতে কাস্টমার সর্বদা সন্তুস্ট ছিলেন এবং তিনি ব্যবসায়িক কাজে সম্প্রসারিত হতে পেরেছেন।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2879



কুইন
আসমা আক্তার
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড কেক
ঠিকানা
ঢাকা

On The Way
নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, আসমা আক্তার" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। শখের বসে তিনি তার উদ্যোগ শুরু করেন। কেক উনার পছন্দের খবার। তাই তিনি ইউটিউব দেখে কেক বানানো শেখেন। পরিবারের প্রতিটি অনুষ্ঠানে তিনি নিজ আগ্রহে কেক বানাতেন। নিজের সবচেয়ে প্রিয় খাবার হওয়ার কারণে এটি বানাতে তার ভালই লাগতো, তিনি আগ্রহ পেতেন এ কাজে। তিনি নিজের জন্য এবং নিজের পরিবারের সকলের জন্য প্রায়ই কেক তৈরী করতেন। একটা সময় উনার মনে হয়েছে নিজের জন্য কিছু করা উচিত। আত্মনির্ভরশীল হওয়া উচিত। তখন তিনি তার সবচেয়ে প্রিয় কাজটাকেই প্রাধান্য দেন এবং তার শখের কাজ নিয়েই উদ্যোগ শুরু করেন। শখের বসে কাজ শুরু করার কারণে তার পরিবারের কেউ তাকে কোন প্রকার নিষেধ করেন নি। তারাও চেয়েছেন তিনি নিজে থেকে কিছু শুরু করুক এবং সাবলম্বী হোক আর এ জন্যই সবাই তাকে সাপোর্ট করেছেন। তিনি তার কেক অনলাইন এবং অফলাইন উভয় ভাবে বিক্রয় করছেন। বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন, পরিবার-পরিজন সবাই অর্ডার করছেন এবং তাদের পরিচিতদের কাছ থেকেও অনেকেই তাকে অর্ডার এনে দিচ্ছেন। এছাড়াও তিনি অনলাইনে "অন দ্য ওয়ে-নারী হোক উদ্যোক্তা" প্লাটফর্মের সাথে যুক্ত আছেন।
কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2834



কুইন
নওরিন জাহান রিয়া
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
পোশাক পণ্য
ঠিকানা
ঢাকা

On The Way নারী থেকে উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা
"অন দ্য ওয়ে কুইন - নারী উদ্যোক্তা, নওরিন জাহান রিয়া" কাজ করছেন দেশীয় তৈরি পোশাক নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। "উদ্যোক্তা-নওরিন জাহান রিয়া" যখন তার উদ্যোগ শুরু করেন তখন তিনি স্টুডেন্ট ছিলেন। তার স্বামী চেয়েছিলেন তিনি ঘরের বাইরে চাকরি না করে ঘরে বসে কাজ করুক। আর এ জন্যই তিনি ঘরে বসে নিজে থেকে কিছু করার চিন্তা করেন। আর এ লক্ষ্যেই তিনি তৈরি পোশাক নিয়ে কাজ শুরু করেন। তার পরিবারের সবাই তাকে তার কাজে সাপোর্ট করেন। তবে কাজ শুরুর পূর্বে অনলাইনে কাজ করা নিয়ে তিনি নানা প্রশ্নের সম্মুখীন হন। অনেকেই অনেক রকম কথা বলেছেন যেমনঃ স্টুডেন্ট লাইফে অনলাইন বিসনেস করা ঠিক হবে কিনা, পণ্যের গুনগতমান সর্ম্পকে কাস্টমার জানবেন কিভাবে, সেল হবে কিনা, সকল প্রতিবন্ধকতা পার করে তিনি কাজ করতে পারবেন কিনা, এমন নানাবিধ প্রশ্নের সম্মুখীন হন তিনি। তবে কারও কথায় ভীত না হয়ে তিনি তার লক্ষ্য স্থির করেন এবং সকলের সকল কথাকে উপেক্ষা করে তিনি তার কাজ শুরু করেন। কাজ শুরু করার পর তিনি আল্লাহর অশেষ রহমতে কোন প্রতিবন্ধকতা পান নি। কাজ শুরুর ১৫ দিন পর থেকেই তিনি বড় বড় অর্ডার পাওয়া শুরু করেন এবং কাস্টমারও তার পণ্য নিয়ে সন্তুস্ট ছিলেন। তারা প্রতিনিয়তই তার নিকট অর্ডার করেন এবং তার পণ্যের রিভিউ দেন। বাঁধা বিপত্তির কথা উপেক্ষা করে তিনি নিজেকে তৈরী করেছেন দৃঢ় প্রত্যয়ে। তিনি অদম্য গতিতে এগিয়ে চলেছেন তার সাফল্যমণ্ডিত লক্ষ্যে পোঁছাতে। শুভকামনা সকল নারী উদ্যোক্তাদের প্রতি।
কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/1829



কুইন
স্নিগ্ধা
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
বাচ্চাদের বই
ঠিকানা
চট্টগ্রাম

On The Way
নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, স্নিগ্ধা" কাজ করছেন বাচ্চাদের বই নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন চট্টগ্রাম থেকে। কুইন স্নিগ্ধার ছোট্ট দুজন সন্তান রয়েছে। তিনি যখন তার সন্তানদের পড়াতেন তখন তিনি কিছুদিন পর খেয়াল করলেন তার সন্তানেরা গতানুগতিক বইগুলো পড়ার প্রতি আগ্রহ হারিয়ে ফেলছে। তিনি তার বাচ্চাদের পড়ার প্রতি আগ্রহী করে তোলার জন্য নিজে একটি ওয়ার্কশীট একটিভিটি বুক তৈরি করে দেন এবং তিনি লক্ষ্য করেন তার বাচ্চারা এটি খুব পছন্দ করছে। তখন তিনি ভাবেন তার বাচ্চাদের মতো এমন অনেক বাচ্চারা এবং তার মায়েরা হয়তো একই সমস্যায় আছেন। তাই তিনি ঠিক করেন এটি নিয়ে একটি উদ্যোগ গ্রহন করা উচিত। বিষয়টি নিয়ে তিনি ভাবতে শুরু করেন এবং এমন একটি বই তৈরী করতে আগ্রহী হন যেখানে একটি শিশু তার পছন্দমত সবকিছু লিখতে ও তৈরি করতে পারবে এবং ইচ্ছা অনুযায়ী মুছে আবার নতুন কিছু লিখতে এবং তৈরি করতে পারবে। একটি বাচ্চা যাতে বারবার বইটি নিজের পছন্দমতো ব্যবহার করতে পারে সেইভাবে তিনি তার পণ্য গুলো তৈরি করতে চান। তার এই ভাবনা অনুযায়ী তিনি তার পণ্যগুলি তৈরী করেন, নিজ সন্তানসহ সব সন্তানদের প্রতি তার এই ভাবনাই তাকে অনুপ্রেরণা জুগিয়েছে নারী উদ্যোক্তা হয়ে উঠতে। একজন মা তার সন্তানের জন্য কত কিইনা করতে পারেন! যার প্রতিফলন আমরা দেখতে পাই "কুইন- স্নিগ্ধা" এর মধ্যে। তিনি তার সন্তানের পড়াশুনার সুবিধার কথা চিন্তা করে নিজেই তৈরি করে ফেলেন বাচ্চাদের বিভিন্ন রকমের বই। এ যাত্রায় কুইন স্নিগ্ধার উদ্যোগের পথেও প্রতিবন্ধকতা ছিল। তিনি তার সংসার এবং বাচ্চাদের সময় দিয়ে তার এই কাজের জন্য সময় বের করে সব সন্তানের জন্য বই তৈরীতে যথেস্ট সময় দিয়েছেন। সব সামলিয়ে এই কাজ করা তার জন্য সহজসাধ্য ছিলোনা কিন্তু তার নিরলস চেস্টা আর ইচ্ছাশক্তি তাকে সামনে এগিয়ে নিয়ে চলেছে।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2909



কুইন
ফাতিমা তুজ জোহরা
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
পোশাক পণ্য
ঠিকানা
রাজশাহী

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা
"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, ফাতিমা তুজ জোহরা" কাজ করছেন বেবি ড্রেস নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন রাজশাহী থেকে। করোনাকালীন সময়ে "উদ্যোক্তা- ফাতিমা তুজ জোহরা" এর পড়াশোনা শেষ হয়ে যায়। তখন তিনি ঠিক করেন অনলাইনে বেবি ড্রেস নিয়ে তার উদ্যোগ শুরু করবেন। উদ্যোগের শুরুতে তিনি অর্থনৈতিক সমস্যার সম্মুখীন হয়েছিলেন। তারপরও তিনি অনলাইনে কাজ শুরু করার ইচ্ছা করেন এবং তিনি অনলাইনে কাজও শুরু করেন। এ ব্যাপারে তিনি তার পরিবারের কাছ থেকে পূর্ণ সমর্থন পেয়েছেন, সবাই তার কাজে সাপোর্ট করেছেন। অনলাইনে বিভিন্ন গ্রুপে তিনি তার প্রোডাক্টের ছবি আপলোড করে এক মাসে তিন লক্ষ টাকার পণ্য বিক্রয় করেন। বিভিন্ন গ্রুপে নিজের পণ্যের ছবি তিনি যখন আপলোড করতেন তখন অনেকে তার পণ্যের ছবি ডাউনলোড করে নিজের পণ্যের ছবি হিসেবে ব্যবহার করতেন, ডিজাইন নিয়ে নিতেন যেটা তার কাছে কিছুটা বিব্রতকর হলেও তিনি মানিয়ে নিয়েছেন। সর্বোপরি আজ তিনি তার কাজ নিয়ে সফলতার শিখরে আরোহণ করছেন, পথ পাড়ি দিচ্ছেন অদম্য গতিতে।
কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2556



কুইন
**শামীমা সেতু**
**"নারী উদ্যোক্তা"**
প্রোডাক্ট
**ড্রেস এবং ঘি**
ঠিকানা
**সিরাজগঞ্জ**

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, শামীমা সেতু" কাজ করছেন পোশাক পণ্য এবং ঘি নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন সিরাজগঞ্জ থেকে। করোনাকালীন সময়ে অর্থনৈতিক মন্দা শুরু হওয়ার পর তিনি ভাবছিলেন নিজ উদ্যোগে কাজ শুরু করার। তিনি সিরাজগঞ্জ এর মেয়ে তাই তিনি সেখানকার বিখ্যাত তাঁতের শাড়ি এবং থ্রি পিস নিয়ে কাজ শুরু করেন। তিনি খুব ভালো ঘি তৈরী করতে পারেন। পাবনা-সিরাজগঞ্জ এই এলাকার ঘি যেহেতু বিখ্যাত তাই সবাই তাকে বলতেন তিনি যেন এটা নিয়েও ব্যবসা শুরু করেন। প্রথমদিকে তিনি ঘি শুধু নিজের প্রয়োজনে বানাতেন। পরবর্তীতে তিনি সকলের অনুপ্রেরণায় ব্যবসায়ীকভাবে ঘি নিয়েও কাজ শুরু করেন। সব মিলিয়ে কুইন শামীমার ব্যবসা ভালোই চলছে। এরপর তিনি দেশীয় পণ্যের পাশাপাশি বিদেশী পণ্য নিয়েও ব্যবসা শুরু করেন। প্রতিটি উদ্যোগের পেছনে যেমন অনুপ্রেরণা থাকে, তেমনি প্রতিবন্ধকতাও থাকে। সেই প্রতিবন্ধকতাকে পেছনে ফেলে নিজের চেস্টায় এগিয়ে যেতে পারলেই সফলতা নিশ্চিত। তাই হতাশ না হয়ে দৃঢ়প্রতিজ্ঞা নিয়ে এগিয়ে যেতে হবে। "উদ্যোক্তা- শামীমা সেতু" এর মতে মানুষ কথা বলবেই এসব কিছুকে পজিটিভলি নিয়ে নিজের মধ্যে সংশোধনের প্রয়োজন থাকলে সংশোধন করে এগিয়ে যেতে হবে।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2371




কুইন
খাদিজা হোসেন
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
নোয়াখালী

On The Way
নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, খাদিজা হোসেন" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন নোয়াখালী থেকে। ক্যারিয়ারের শুরুর দিকে তিনি জব করতে চেয়েছিলেন কিন্তু কোন জব পান নি। তিনি সবসময় চেয়েছিলেন নিজের যোগ্যতা ও দক্ষতাকে ব্যবহার করে নিজেকে আত্মনির্ভরশীল করে গড়ে তুলতে। জব না পাওয়া এবং নিজেকে আত্মনির্ভরশীল করার তাড়না সবমিলিয়ে তার এই ভাবনা থেকেই তার উদ্যোক্তা হবার অনুপ্রেরণা আসে। তাই তিনি ঠিক করেন ঘরে বসেই কিছু একটা করবেন। রান্নাতে তার পারদর্শীতা ছিলো বেশ ভাল। তিনি যখন রান্না করতেন তখন তার রান্না করা খাবার খেয়ে সবাই সবসময় প্রশংসা করতো। নিজের উদ্যোগ সম্পর্কে যখন তিনি চিন্তিত তখন "কুইন- খাদিজা হোসেন" এর চিন্তায় এই কথাটাই আসে যে সকলে তার তৈরী হাতের খাবার পছন্দ করেন, এটা নিয়েই কাজ করা উচিত। তাই তিনি হোমমেড ফুড নিয়ে কাজ শুরু করেন এবং খুশির কথা হলো তার কাজের ক্ষেত্রে প্রতিবন্ধকতা নামক শব্দটি এখনো হানা দেয়নি এবং আমাদের কাম্য তিনি এভাবেই সামনে এগিয়ে চলুক।
কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/1232



কুইন
শারমিন চৌধুরী
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way
নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন- নারী উদ্যোক্তা, শারমিন চৌধুরী" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স মাস্টার্স শেষ করে তিনি চেয়েছিলেন একজন ব্যাংকার হতে। তার স্বামীও চেয়েছিলেন তিনি তার স্বপ্ন পূরণ করুক কিন্তু তার পরিবারের কেউ চায়নি তিনি ঘরের বাহিরে গিয়ে কাজ করুক। ঘরে তার ছোট সন্তান থাকার কারণে শেষে তিনি আর তার ব্যাংকার হবার স্বপ্ন পূরণের লক্ষ্যে এগিয়ে যেতে পারেননি। এতদসত্ত্বেও তিনি চেয়েছিলেন কাজ করতে। বাড়ির বাইরে গিয়ে কাজ করাটা তার জন্য সহজ ছিলোনা। এ জন্য তিনি চেয়েছিলেন ঘরে বসেই কিছু একটা করবেন। অনেক চিন্তা ভাবনার পর তিনি ঠিক করলেন তিনি যেহেতু রান্না ভালো পারেন তাই তার উদ্যোগ হতে পারে তার নিজ হাতে তৈরী খাবার। অতঃপর তিনি তার হাতের রান্না করা খাবার নিয়েই কাজ শুরু করতে চান। যেমন ভাবনা তেমনি কাজ। তিনি তার হোমমেড ফুড নিয়ে কাজ শুরু করেন। প্রতিনিয়তই তিনি তার কাজ নিয়ে এগিয়ে যাচ্ছেন। নিজেকে তৈরী করতে ইচ্ছাশক্তি প্রয়োজন। প্রতিবন্ধকতা নামক শব্দটিকে প্রশ্রয় না দিয়ে নিজের অবস্থা থেকে, নিজের অবস্থানে নিজেকে মানিয়ে নিয়ে সামনে এগিয়ে চলতে পারলেই চলার পথ হতে পারে সহজ ও সুন্দর। নিজের প্রতি আত্মবিশ্বাস হতে পারে জীবনের সুন্দরতম বৈশিষ্ট্য।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2483



কুইন
নুসরাত জাহান
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড এবং হাতের কাজের পোশাক
ঠিকানা
ঢাকা

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, নুসরাত জাহান" কাজ করছেন হোমমেড ফুড এবং পোশাক পণ্য নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। খুব ছোটবেলায় স্কুলে ভর্তি হওয়ার আগেই তিনি হাতের কাজ শেখেন। ছোটবেলা থেকেই তিনি হাতের কাজের পোশাক ডিজাইন করতে ভালোবাসতেন। হাতের কাজের পণ্য বানানোর প্রতি আগ্রহটা তিনি যেনো জন্মগতভাবেই পেয়েছেন। তার নানি খুব ভালো সেলাই জানতেন। "উদ্যোক্তা- নুসরাত জাহান" এর মাও চাইতেন যেনো নুসরাত জাহান হাতের কাজগুলো শিখে নেন। মূলত তিনি তার মায়ের থেকেই কাজ শিখেছেন। একটি শিশু যে পরিবেশে বড় হয়ে ওঠে সেখানকার মানুষের চলাফেরা কথা-বার্তা, কার্যক্রম সব কিছুই ঐ শিশুর উপর প্রভাব ফেলে। ঠিক তেমনি "কুইন- নুসরাত জাহান" যেখানে জন্মগ্রহণ করেছেন এবং বেড়ে উঠেছেন সে পরিবারের অধিকাংশ সদস্যই হাতের কাজে পারদর্শী ছিলেন বিধায় 'কুইন-নুসরাত জাহান" এই শৌখিন হাতের কাজ শেখার প্রতি আগ্রহ তৈরী হয়। তার নানি, মা, চাচী, ফুফু সকলেই এই কাজ করতেন। তাদের কাজ করা দেখে তিনিও এই কাজটি আত্মস্থ করতে চান যদিও তিনি তখন অনেক ছোট থাকার কারণে তাকে খুব বেশি কাজ করতে দেওয়া হতো না। নুসরাত জাহানের কাজের প্রতি এতটাই আগ্রহ ছিলো যে তার পরিবারের সদস্যেরা যখন কাজ করতেন তখন তিনি তাদের পাশে দাঁড়িয়ে তাদের কাজ দেখতেন। পরবর্তীতে তিনি লুকিয়ে লুকিয়ে কাজ করতেন যাতে কেউ জানতে না পারে, তাকে কেউ কিছু না বলতে পারে। এভাবেই প্রাথমিক অবস্থায় তিনি কাজ শেখেন এবং পরবর্তীতে তার মা চেয়েছিলেন নুসরাত জাহান কাজটি ভালোভাবেই শিখে ফেলুক। অবশেষে তিনি তার মায়ের অনুপ্রেরণায় আরো ভালোভাবে কাজ শেখেন এবং ঐতিহ্যবাহী এই হাতের কাজ দিয়েই তিনি হয়ে ওঠেন একজন নারী উদ্যোক্তা। "কুইন- নুসরাত জাহান" শুধু হাতের কাজই নয় রান্নাতেও পারদর্শী ছিলেন। তার বিয়ের পর তিনি যে খাবারই রান্না করতেন তার স্বামী সে খাবারেরই প্রশংসা করতেন। এমন কি বাসায় যখন মেহমান আসত তখন তিনি যা কিছু রান্না করতেন, সেসব রান্নাও আত্মীয়েরা পছন্দ করতো। এমন সময় তার স্বামীও তাকে অনুপ্রেরণা যোগাতেন যাতে করে তিনি হোমমেড ফুড নিয়েও কাজ শুরু করেন। স্বামীর অনুপ্রেরণায় তিনি ফুড রিলেটেড বিভিন্ন প্লাটফর্মে কাজ শুরু করেন। "কুইন- নুসরাত জাহান" এর উদ্যোগের পথেও অনেক প্রতিবন্ধকতা ছিল। তার জীবনেও প্রতিকূল পরিবেশ এসেছিল। করোনাকালীন সময়ে তার স্বামীর চাকরি চলে যায়। তখন অর্ধাঙ্গিনী হিসেবে শক্ত হাতে তিনি পরিবারের হাল ধরেন এবং তিনি স্বার্থক। তিনি তার উদ্যোগ নিয়ে এগিয়ে যাচ্ছেন তার নিজের আত্মবিশ্বাস, পারিবারিক সহযোগীতা এবং একনিষ্ঠ চেষ্টায়। প্রতিটি উদ্যোক্তার সফলতার পিছনে এমন অনেক কথা লুকিয়ে থাকে যা তাকে এগিয়ে নিয়ে এসেছে আরো একধাপ সামনে। সব বাঁধাই পিছিয়ে দেয় না, কিছু বাঁধা সামনে এগিয়ে যেতেও স্পৃহ যোগায়।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/1124



কুইন
ফারজানা আক্তার লিপি
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন - নারী উদ্যোক্তা, ফারজানা আক্তার লিপি " কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। পড়াশোনার পাশাপাশি তিনি কিছু কাজ করতে চেয়েছিলেন। পড়াশোনার পাশাপাশি তিনি ঘরে বসে কিছু কাজ শুরু করার লক্ষ্যে পোশাক পণ্য নিয়ে কাজ শুরু করেন। তিনি একটি ফেসবুক পেইজ ওপেন করেন, অন্য প্লাটফর্মের সাথে কাজও শুরু করেন। কিন্তু আশানুরূপ কোন সাড়া তিনি পাননি। একটা সময় পর তিনি তার পোশাক পণ্যগুলি তার আত্মীয় স্বজন এবং বন্ধু-বান্ধবের নিকট বিক্রয় করেন। এরপর তিনি নতুন করে হোমমেড ফুড নিয়ে কাজ করার উদ্যোগ নেন এবং তিনি কাজ শুরু করেন বেশ কয়েকটি ফুড রিলেটেড প্লাটফর্মের সাথে। সেখান থেকে অর্ডার আসলেও ভ্যাট এর পরিমান বেশি থাকায় উনি ন্যায্য মূল্য ওঠাতে পারতেন না। পরবর্তীতে তিনি ফেসবুকের মাধ্যমে "অন দ্য ওয়ে-নারী হোক উদ্যোক্তা" প্লাটফর্ম সম্পর্কে জানতে পারেন। তিনি প্লাটফর্মটিতে "অন দ্য ওয়ে কুইন" অ্যাপে ফ্রি রেজিস্ট্রেশনের মাধ্যমে তার প্রোডাক্ট এর ছবি আপলোড করেন এবং তিনি "অন দ্য ওয়ে-নারী হোক উদ্যোক্তা" প্লাটফর্মটির সাথে কাজ করে সন্তুষ্ট। এ প্রতিষ্ঠানের প্রতিটি সিস্টেমই উনার ভাল লেগেছে। তিনি তার কাজের ন্যায্যমূল্য পাচ্ছেন হিসেবেও তিনি মনে করেন। প্রতিটি অর্ডারের পর ডেলিভারি সিস্টেম থেকে শুরু করে পেমেন্টসহ সবকিছুই তার কাছে খুবই পছন্দনীয় এবং তিনি স্বাচ্ছন্দভাবেই কাজ করতে পারছেন।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2559



কুইন
জারিন তাসনিম
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
ঐতিহ্যবাহী হাতের কাজের পণ্য
ঠিকানা
নীলফামারী

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন - নারী উদ্যোক্তা, জারিন তাসনিম" কাজ করছেন ঐতিহ্যবাহী হাতের কাজের নকশী কাঁথা, শাল, বিছানার চাদরসহ বিভিন্ন ধরনের পণ্য নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন নীলফামারী থেকে। নীলফামারিতে থাকা "উদ্যোক্তা-জারিন তাসনিম" এর ছোটবেলা থেকেই ইচ্ছা ছিল প্রত্যন্ত নিলফামারী গ্রামের দরিদ্র মহিলাদের জন্য কিছু করা। আর এ লক্ষ্যে পড়াশুনা শেষ করে তিনি তার ইচ্ছা পূরনের জন্য পদক্ষেপ নেন। তিনি হাতের কাজের বিভিন্ন পণ্য নিয়ে কাজ শুরু করেন এবং তার নিজের কাজের সাথে তিনি বিভিন্ন গ্রামের নারীদের প্রশিক্ষণ প্রদান শুরু করেন। এখন পর্যন্ত তিনি ৬০০ জনের বেশি মহিলাদের প্রশিক্ষণ প্রদান করেছেন। "কুইন-জারিন তাসনিম" এর সাথে এখন ৪৫০ জন নারী কাজ করছেন। তার কাজের ক্ষেত্রে প্রতিবন্ধকতা ছিল যথেস্ট, এর ভেতর সাইবার বুলিং এর মতো প্রতিবন্ধকতাও তার কাজে বাঁধা হয়ে দাঁড়িয়েছিল। তিনি বিভিন্ন সময়ে সাইবার বুলিং এর শিকার হয়েছেন তার কাজের জন্য। সমাজে কোন মানুষ যদি কোন মহৎ কাজের উদ্দ্যেশ্যে সামনে এগিয়ে যায় তবে আমাদের উচিৎ তাকে সহযোগীতা করা, আমরা সবাই নিজের কথা চিন্তা করলেও সমাজে এখন অনেক মানুষ আছেন যারা অন্যদেরকেও সামনে এগিয়ে নিয়ে যেতে চান। এই সকল মানুষদের কাছ থেকে আমাদের শিক্ষনীয় আছে অনেক কিছু।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/683



কুইন
শাহানা ইয়াসমিন পলি
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, শাহানা ইয়াসমিন পলি" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। "কুইন- শাহানা ইয়াসমিন" একজন ফ্যাশন ডিজাইনার। তিনি তার ডিজাইন করা নিজস্ব পোশাক নিয়ে একটি ব্যবসা শুরু করেছিলেন কিন্তু করোনাকালীন সময়ে শুরুর দিকে ব্যবসাতে এমন পরিস্থিতি আসে যে তার ডিজাইন করা পোশাক পণ্য নিয়ে ব্যবসাটি বন্ধ করে দিতে হয়। কিন্তু তিনি বসে থাকতে চান নি, কিছু করতে চেয়েছিলেন। তখন তিনি ভেবে দেখলেন হোমমেড ফুড নিয়ে কাজ শুরু করবেন। কম বেশি সবারই নিত্যদিনের জন্য বিভিন্নধরনের খাবারের প্রয়োজন হয়। অনেকে আবার সময় স্বল্পতার কারণে রান্না করতে পারেন না। তাই তিনি ঠিক করেন নিজের অর্থনৈতিক অবস্থান ঠিক করার জন্য তিনি হোমমেড ফুড নিয়ে কাজ করবেন এবং তিনি হোমমেড ফুড নিয়ে কাজ করা শুরু করেন। তিনি ঘরে তৈরি খাবার নিয়ে কাজ করার সময় অর্থনৈতিকভাবে প্রতিবন্ধকতা ছিল। তারপরও সাহসিকতার সাথে তিনি কাজ শুরু করেন। কাজ শুরু করার পর অনেকেই অনেক ধরণের মন্তব্যও করতে ছাড়েননি কিন্তু তিনি লোকের কথায় আশাহত হন নি। তিনি নিজের ইচ্ছা, অনুপ্রেরণা এবং নিজের পরিস্থিতি ঠিক করার জন্য কাজ করে গিয়েছেন। তিনি নিজেকে বুঝিয়েছেন যে যাই বলুক, তারা তো উনার পরিস্থিতি বুঝবে না, উনাকে একবেলা খাওয়াবে না। তাই তিনি লোকের কথায় কান না দিয়ে নিজের বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছেন এবং নিজের কাজকে সামনে এগিয়ে নিয়ে গিয়েছেন। উদ্যোগের ক্ষেত্রে তিনি তার পরিবারের সাপোর্ট সবচেয়ে বেশি পেয়েছেন যার ফলশ্রুতিতে তিনি কোন প্রতিবন্ধকতাকেই বড় মনে করেননি। তিনি তার কাজের জন্য বিভিন্ন প্লাটফর্মের সাথে যুক্ত রয়েছেন।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2871



কুইন
ফাহমিদা শারমিন টুম্পা
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way নারী থেকে উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা
"অন দ্য ওয়ে কুইন - নারী উদ্যোক্তা, ফাহমিদা শারমিন টুম্পা" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। মাস্টার্স পাস করা টুম্পার ইচ্ছা ছিল ব্যাংকে জব করার। "কুইন-ফাহমিদা শারমিন টুম্পা" জমজ সন্তান সহ মোট তিন সন্তানের মা হবার কারণে পরিবার থেকে কেউ চায়নি উনি ব্যাংকে অথবা বাইরে কোথাও চাকরি করুক। ব্যাংকার হওয়ার স্বপ্ন তার সেখানেই শেষ হয়ে যায়। উনার পক্ষে বাড়ির বাইরে গিয়ে কাজ করা কোনো ভাবেই সম্ভব হয়ে ওঠেনি। সংসার এবং তিনটি ছোট বাচ্চা থাকার কারনে তিনি তার স্বপ্ন বাস্তবায়ন করার পেছনে সময় দিতে পারেনি। অতঃপর তিনি বেকিং কাজ শিখেন। প্রতি মাসেই উনার ৮-১০ টি অনলাইন অর্ডার আসতো। তিনি কুকিং প্রতিযোগীতায় প্রথম স্থান অর্জন করেন। বিভিন্ন ৫ তারকা হোটেল থেকে মাস্টার সেফ হবার জন্য ফাহমিদা শারমিন টুম্পাকে ডাকা হয়েছিল। কিন্তু বাসার বাইরে গিয়ে কাজ করা সম্ভব না হবার কারনে তিনি জবটিতে জয়েন করতে পারেন নি। পরিবারের কেউ তাকে তার কাজে সাপোর্ট করেনি, তবুও তিনি নিজ ইচ্ছায় তার কাজ চালিয়ে গিয়েছেন বাসাতে থেকেই। অনলাইন থেকে অর্ডার আসার কারনে তিনি নিজেকে স্বচ্ছলভাবে তুলে ধরতে স্বক্ষম হন। আর এ প্রেক্ষিতে বর্তমানে তার পরিবারের সবাই তাকে সাপোর্ট করছেন। নারী-স্বপ্ন, স্বপ্নের অনেক রঙ, তাই ফিকে হয়ে যাওয়া রঙকে নিয়ে হতাশ না হয়ে সামনে এগিয়ে যেতে হয়, অন্য কোন রঙে নিজেকে রাঙিয়ে নিতে হয়।
কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2473



কুইন
ফাহিমা আক্তার
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way নারী থেকে উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, ফাহিমা আক্তার" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। কুইন ফাহিমার উদ্যোগের গল্প হলো, উদ্যোক্তা-ফাহিমারা তিন বোন। তিন বোনেরই বিয়ে হয়ে যাবার পর "উদ্যোক্তা-ফাহিমা" চেয়েছিলেন তার বাবা-মা কে সাপোর্ট করতে। তিনি নিজেকে আত্মনির্ভরশীল করে গড়ে তুলতে চেয়েছিলেন যাতে তিনি পরিবারের পাশাপাশি নিজের সন্তানদের দায়িত্বও নিতে পারেন এবং নিজের জন্যেও কিছু করতে পারেন। এই অনুপ্রেরণা থেকেই তিনি হোমমেড আচার নিয়ে কাজ শুরু করেন। তিনি চেয়েছিলেন ঘরে বসে নিজের অবসর সময়কে কাজে লাগিয়ে একজন উদ্যোক্তা হয়ে উঠতে যাতে করে তিনি নিজেকে স্বাবলম্বী করতে পারেন। তার উদ্যোগের ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা ছিল তার স্বামী এবং তার শ্বশুর বাড়ির সকলে। তারা চায়নি তিনি বাইরে গিয়ে কোন কাজ করুক। এ কারনে উদ্যোক্তা হবার যাত্রায় "কুইন- ফাহিমা আক্তার" তেমন কোন সাপোর্ট পরিবার থেকে পান নি। সবকিছু মিলিয়ে ২০২০ সালে তিনি তার উদ্যোগ শুরু করেন। বর্তমানে অনলাইনে তিনি তার পণ্যগুলি বিক্রয় করছেন। বাড়ি থেকে নিজের কাজ দ্বারা উদ্যোক্তা হবার এ পরিবর্তনকে তার পরিবারের সবাই ভালোভাবেই গ্রহণ করছেন এবং সাপোর্ট করছেন।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2580



কুইন
সাবিহা মাহবুব
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড এবং অন্যান্য পণ্য
ঠিকানা
ঢাকা

On The Way
নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, সাবিহা মাহবুব" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। "কুইন- সাবিহা মাহবুব" এর উদ্যোক্তা হবার গল্পের শুরু ছিল বেশ ইন্টারেস্টিং। তিনি সংগ্রামী মানুষদের ইতিহাস পড়তে পছন্দ করতেন। সংগ্রামী মানুষদের সর্ম্পকে জেনে তার নিজের মধ্যে কাজ করার আগ্রহ জন্ম নেয়। সেখান থেকেই তিনি নিজে কিছু করার, নিজের পরিচয় তৈরি করার অনুপ্রেরণা পান এবং তিনি  নিজের একটি পরিচয় তৈরি করতে চেয়েছিলেন, নিজে থেকে কিছু করতে চেয়েছিলেন। তিনি যেহেতু রান্না ভালো পারেন তাই তিনি ঠিক করেন হোমমেড ফুড এবং অন্যান্য জিনিস নিয়ে একই সাথে কাজ শুরু করবেন, যাতে করে কাস্টমাররা তাদের প্রয়োজন অনুযায়ী পণ্যগুলো একই সাথে খুব সহজে পেয়ে যান। এ যাত্রায় সকলের মতো তারও প্রতিবন্ধকতা ছিল। তার মধ্যে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা ছিল নানা রকম মানুষের নানা ধরনের মন্তব্য যেমন-"তোমাকে দিয়ে কিছু হবেনা, তুমি পারবে না।" এ ধরনের বিভিন্ন মন্তব্য করেছেন মানুষজন। তিনি সকলের সব বাজে মন্তব্য উপেক্ষা করে নিজের পরিচয় তৈরি করার জন্য কাজ করে গিয়েছেন। "উদ্যোক্তা-সাবিহা মাহবুব" তার চেস্টা দিয়ে নিজ উদ্যোগ শুরু করেছিলেন এবং কাজ করে চলেছেন।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2023



কুইন
মিথিলা
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, মিথিলা" কাজ করছেন হোমমেড ফুড এবং বিভিন্ন ধরনের ড্রাই ফুডস নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। করোনাকালীন সময়ে লকডাউন শুরু হবার কারনে বাইরে গিয়ে অফিস করা সম্ভব ছিল না, সম্পূর্ণ পৃথিবী যেন গৃহবন্দী হয়ে পড়েছিলো আর এমন সময়েই "কুইন- মিথিলা" ভাবছিলেন ঘরে বসে কি করা যায়, কিভাবে নিজেকে আত্মনির্ভরশীল করা যায়। ভাবছিলেন ঘরে বসেই কিভাবে নিজের পরিচয় তৈরি করা যায়। তার এই ভাবনা গুলোই তাকে অনুপ্রেরণা যুগিয়েছে নারী উদ্যোক্তা হওয়ার পিছনে। তাই তিনি পরিবারের দৈনন্দিন প্রয়োজনীয় বিভিন্ন মসলা এবং হোমমেড ফুড নিয়ে তার উদ্যোগ শুরু করেন। প্রতিটি উদ্যোগের ক্ষেত্রেই প্রতিবন্ধকতা থাকে। কুইন মিথিলার ক্ষেত্রেও তার ব্যাতিক্রম ঘটেনি। তার সফল উদ্যোক্তা হওয়ার পেছনে অনেক প্রতিবন্ধকতা ছিল। কাঁচামালের যোগান সময় মতো করতে পারেন নি। লকডাউনের কারনে ডেলিভারির ক্ষেত্রেও সমস্যা হতো। অনেক সময় পণ্য ডেলিভারির জন্য রেডি করার পর কাস্টমার অর্ডার  বাতিল করে দিতেন। আবার এমন ও হয়েছে ডেলিভারির পর পণ্য ফেরত এসেছে। ব্যবসায় লাভের থেকে ক্ষতির পরিমান বেশি ছিল। তারপরও তিনি হতাশ হন নি। কাস্টমারদের থেকে কোন রেসপন্স না পাওয়ার পরও তিনি ধৈর্য্য ধরে কাজ করে গিয়েছেন। ধৈর্য্য এমন একটি গাছ যার সারা গায়ে কাটা কিন্তু ফল অত্যন্ত মজাদার। তিনি তার কাজ চালিয়ে যাচ্ছেন এবং তিনি এখন রেসপন্সও পাচ্ছেন।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2389



কুইন
নুরুন নাহার লিয়া
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, নুরুন নাহার লিয়া" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। "কুইন- নুরুন নাহার লিয়া" একজন গৃহিণী। ঘরে বসে অবসর সময়কে কাজে লাগিয়ে তিনি চেয়েছেন একজন নারী উদ্যোক্তা হয়ে উঠতে। তিনি ভালো রান্না করতে পারেন তাই তিনি ঠিক করেন হোমমেড ফুড নিয়ে কাজ শুরু করবেন। এ লক্ষ্যে তিনি ফেসবুক পেজ ওপেন করেন এবং হোমমেড ফুড নিয়ে কাজ শুরু করেন। কিন্তু তার পোস্ট গুলো খুব একটা রিচ করতো না। তবুও তিনি তার কাজ থামিয়ে দেন নি। প্রতিবন্ধকতা বলতে তার একটাই আক্ষেপ, তিনি যে হোমমেড ফুড নিয়ে কাজ করছেন, তার এই উদ্যোগ সর্ম্পকে অনেকেই জানেন না। তার উদ্যোগ এবং তার পণ্য মানুষের নিকট পরিচিত নয়। তিনি তার কাজের মাধ্যমে সকলের নিকট পরিচিত হতে চান। তিনি তার কাজ নিয়ে সামনে এগিয়ে যেতে চান একজন সফল উদ্যোক্তা হিসেবে।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/605



কুইন
শারমিন সুলতানা
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
হোমমেড ফুড
ঠিকানা
ঢাকা

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, শারমিন সুলতানা" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। তার উদ্যোগের অনুপ্রেরণা ছিলো তার নিজের ইচ্ছাশক্তি। নিজের একজন নিকট আত্মীয়কে দেখে "কুইন- শারমিন সুলতানা" হোমমেড ফুড নিয়ে কাজ শুরু করেন। যাকে দেখে তিনি অনুপ্রাণীত হয়েছেন তিনি ৭-৮ বছর ধরে হোমমেড ফুড নিয়েই কাজ করছেন। তাকে দেখে তিনিও উদ্যোগ নিলেন এই কাজে অংশগ্রহণ করার। বাসায় বসে অবসর সময়টাকে কাজে লাগালেন হোমমেড ফুড নিয়ে কাজ করে। তিনি ভেবেছিলেন হোমমেড ফুড নিয়ে কাজ করলে তাকে বাইরে যেতে হবেনা, তিনি ঘরে বসে কাজ করতে পারবেন। তার সময়ও ভালো কাটবে পাশাপাশি কিছু ইনকামও করা হবে যা তাকে তার পরিবারের অর্থনৈতিক অংশে অবদান রাখবে। তাই তিনি হোমমেড ফুড নিয়ে তার উদ্যোগ শুরু করেন। তার উদ্যোগের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা ছিল না। তার পরিবারের সবাই তাকে সাপোর্ট করেছেন।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/1786



কুইন
রাশেদা রেইনি
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
পোশাক পণ্য
ঠিকানা
নওগাঁ

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, রাশেদা রেইনি" কাজ করছেন আমাদের দেশীয় ঐতিহ্যবাহী হাতের কাজের পোশাক পণ্য নিয়ে। তিনি কাজ শুরু করেছেন নঁওগা থেকে। তিনি একজন অদম্য নারী উদ্যোক্তা। শুধু তিনি একা নন, তার আশে পাশের অনেক নারীকেই তার সাথে নিয়ে কাজ করছেন। "কুইন- রাশেদা রেইনি" এর স্বপ্ন তার তৈরী এই সুনিপুণ হাতের কাজের পোশাক পণ্য একসময় আমাদের দেশীয় ঐতিহ্যকে গর্বিত করবে। তিনি নিরলসভাবে চেস্টা করে চলেছেন তার হাতের কাজের তৈরী বিভিন্ন শাড়ি, থ্রি-পিস, বিছানার চাদর সহ বিভিন্ন পণ্য নিয়ে সামনে এগিয়ে যেতে। "উদ্যোক্তা- রাশেদা রেনী" নিজের একটি পরিচয় তৈরী করতে চান। তিনি অন্য কারো টাকায় নিজের জীবন পরিচালিত করতে চান না। শুধু তাই নয়, তিনি তার আশে পাশে থাকা পরিচিত-অপরিচিত নারীদের সাথে নিয়ে সামনে এগিয়ে যেতে চান, তাদেরকেও সাবলম্বী হিসেবে গড়ে তুলতে চান। এ লক্ষ্যে তিনি সংগ্রাম করে চলেছেন। তার এ যাত্রায় তাকে সহযোগীতা করছে তার সহকর্মীরা। তাদের সকলের আত্মবিশ্বাস তাদের সবার চেস্টা একদিন তাদেরকে সাফল্যের চূড়ান্ত শিখায় নিয়ে যাবে। এমন আত্মবিশ্বাস আর চেস্টার ফলাফল একদিন তাদেরকে সাফল্যের শিখরে নিয়ে যাবে এটাই প্রত্যাশা।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2329



কুইন
রোকেয়া খানম
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
পোশাক পণ্য
ঠিকানা
চাঁদপুর

On The Way
নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, রোকেয়া খানম" কাজ করছেন পোশাক পণ্য নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন চাঁদপুর থেকে। শখের বসে তিনি তার উদ্যোগ শুরু করেন। তিনি দেখতেন বর্তমানে নারীদের উদ্যোক্তা হওয়ার জন্য বিশেষ সুযোগ সুবিধা রয়েছে, নারীরা নিজ উদ্যোগে উদ্যোক্তা হয়ে উঠছেন সফলভাবে। বর্তমানে নারী উদ্যোক্তাদের জন্য বিভিন্ন প্ল্যাটফর্মও তৈরী হয়েছে। এ সকল কিছু থেকে তিনি উদ্বুদ্ধ হন একজন উদ্যোক্তা হিসেবে সামনে এগিয়ে যেতে। তিনি অনলাইনে কাজ শুরু করেন নিজের উদ্যোগে আর হয়ে ওঠেন একজন নারী উদ্যোক্তা। কাজের ক্ষেত্রে প্রতিবন্ধকতা থাকবেই যা তিনি মেনে নিয়েছিলেন কিন্তু কাজের ক্ষেত্রে সমস্যাকে গুরুত্ব দিয়ে নিজের কাজের উপর কোন প্রভাব তিনি পড়তে দেন নি। সংসার সামলে তার উদ্যোগ নিয়ে কাজ করতে, সবকিছু সামলে নিতে উনার কষ্ট হয়েছিলো ঠিকই কিন্তু কোন কিছুই তাকে আশাহত করতে পারেনি।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2196



কুইন
নুর আঙ্গেঁজ বেগম
"নারী উদ্যোক্তা"
প্রোডাক্ট
কন্টেন্ট রাইটার
ঠিকানা
চট্টগ্রাম

On The Way
নারী থেকে উদ্যোক্তা

# গল্প

সফলতার ছোঁয়া কোনদিনই হাতের কাছে আসেনা। কোন না কোন একদিন জীবনে ঘুরে দাঁড়াতেই হয় নিজের জন্যে, নিজের সম্মানের জন্যে আর অবশ্যই নিজের আত্মতৃপ্তির জন্যে। সব মানুষেরই কিছু গুণ আড়ালেই থেকে যায়। তাকে বের করে আনার সুযোগ থাকা চাই। সাহস না থাকলে সফলতার দুয়ার চিরদিনই বন্ধ থাকে।

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, নুর আঙেগঁজ বেগম"
এর লেখনী।
কুইন আইডি
- http://onthe-way.com/queen/1108





কুইন
আশরাফি সিদ্দিকা
"নারী উদ্যোক্তা"

প্রোডাক্ট
হোমমেড ফুড

ঠিকানা
রংপুর

On The Way নারী হোক উদ্যোক্তা

# গল্প

#সফল_হোক_সকল_নারী_উদ্যোক্তার_অদম্য_পথচলা

"অন দ্য ওয়ে কুইন-নারী উদ্যোক্তা, আশরাফি সিদ্দিকা" কাজ করছেন হোমমেড ফুড নিয়ে। তিনি তার উদ্যোগ শুরু করেছেন ঢাকা থেকে। শখের বসে তিনি কাজ শুরু করেন। তিনি তার চার পাশের অনেক মানুষদেরকে উদ্যোক্তা হতে দেখেছেন, কাজ করতে দেখেছেন। সবাইকে দেখে তার ও ইচ্ছা হলো তিনি নিজেও কিছু করতে পারেন, একজন উদ্যোক্তা হতে পারেন নিজ উদ্যোগে। তিনি রান্না করতে ভালোবাসেন। রান্না ভালো পারেন তাই তিনি অনলাইনে হোমমেড ফুড নিয়ে কাজ শুরু করেন। তার উদ্যোগের ব্যাপারে তার পরিবারের সকলে তাকে সাপোর্ট করেন। কাজ করতে গিয়ে অনেক সময় কাস্টমারের কথায় খারাপ লাগলেও তিনি কখনো হতাশ হন নি। তিনি তার কাজ চালিয়ে গিয়েছেন। অনেক কাস্টমার আছেন যারা সবসময় তাকে উৎসাহিত করেছেন, তার কাজের পজিটিভ রিভিউ দিয়েছেন যা "কুইন-আশরাফি সিদ্দিকা" এর কাজের অনুপ্রেরণা জুগিয়েছেন। অনুপ্রেরণা, খারাপ অভিজ্ঞতা, অনেকের কাছ থেকে পাওয়া স্নেহ-ভালোবাসা, সাপোর্ট এই সবকিছুই একজন উদ্যোক্তার উদ্যোগের গল্পের অন্তর্ভুক্ত। সবকিছু মিলিয়েই পথ চলা। কিছু অভিজ্ঞতা শিক্ষনীয়, কিছু সাপোর্ট চিরস্মরণীয়- সবকিছু নিয়ে একজন উদ্যোক্তার উদ্যোগের গল্প হতে পারে একটি সফলতার গল্প।

কুইন স্টোর আইডি- http://onthe-way.com/queen/2535

# "অন দ্যা ওয়ে"

## নারী হোক উদ্যোক্তা

# "অন দ্য ওয়ে- নারী থেকে উদ্যোক্তা"

## "অন দ্য ওয়ে"

নারী উদ্যোক্তা এবং উদ্যোক্তা হতে আগ্রহী সকল নারীদের জন্য তৈরি একটি প্লাটফর্ম।

নারী উদ্যোক্তা এবং যারা উদ্যোক্তা হতে আগ্রহী তারা সকলেই **"On The Way Queen"** অ্যাপে রেজিস্ট্রেশনের মাধ্যমে **"অন দ্য ওয়ে"** এর সাথে যুক্ত হতে পারবেন। রেজিস্ট্রেশন সম্পূর্ণ ফ্রি।

- নারী উদ্যোক্তারা তাদের যে কোন পণ্য নিয়ে **"অন দ্য ওয়ে"** এর সাথে কাজ করতে পারবেন। **"On The Way Queen"** অ্যাপের মাধ্যমে নারী উদ্যোক্তারা তাদের নিজেদের পণ্য আপলোড করতে পারবেন সম্পূর্ণ ফ্রি তে।

- নারী উদ্যোক্তারা তাদের পণ্যগুলি **"অন দ্য ওয়ে"** এর ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে সেল করতে পারবেন।

- আইটি অথবা ফ্রিল্যান্সিং কাজে পারদর্শী নারীদের জন্য **"অন দ্য ওয়ে"** এর Freelancing অ্যাপে রয়েছে ফ্রিল্যান্সিং কাজের সুবিধা।

- এছাড়াও বিভিন্ন ধরনের সুযোগ সুবিধা রয়েছে নারী উদ্যোক্তাদের জন্য।

- **"অন দ্য ওয়ে"** তে রেজিস্টার্ডকৃত নারীদের জন্য রয়েছে ফ্রি ট্রেনিং সুবিধা।

## রেজিস্টারকৃত কুইনদের জন্য রয়েছে ফ্রি IT Services

POS
SALES SOFTWARE FOR WOMEN

BiZ
Accounting Software for Women

Site

APPS

SOCIAL MARKETING

SMS

# On The Way training

"অন দ্যা ওয়ে"

এর বিদেশী ৬টি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হয়েছে।

"অন দ্যা ওয়ে" ট্রেইনিং এর প্রধান ট্রেইনার হিসেবে আছেন

## Dr. Mahbubul Joarder

**Ph.D., LL.M(NYU-USA),**
**LL.M(UK),LL.M(DU),MBA,MDBA, PgDBACMC®, CAPM®**
**CERTIFIED MANAGEMENT CONSULTANT**

"অন দ্যা ওয়ে" ট্রেইনিং এর প্রধান ট্রেনিং ইনস্টিটিউট

AIBT USA

American Institute of Business & Technology Inc.

# ”অন দ্যা ওয়ে” এর প্রধান অ্যাডভাইসর যুক্তরাষ্ট্র থেকে

## Pradip Paul
## Chief Executive Officer at Drpaudi Fashion LLC

## আন্তর্জাতিক ফান্ডপ্রাপ্ত

AISA American Institute of Standards & Accreditation

iMC International Management Consultants Inc.

## জাতীয় ফান্ডপ্রাপ্ত

idea Innovation Design and Entrepreneurship Academy

ICT DIVISION FUTURE IS HERE

## ”অন দ্যা ওয়ে” এর বিদেশী সহযোগী সংস্থা সমূহ

AIBT USA American Institute of Business & Technology Inc.

Mensfoundry Supply LLC

Just Rice LLC

iMC International Management Consultants Inc.

Drapaudi Fashion LLC

YOUNG COLOR FASHION LLC

# যোগাযোগ করুন

WWW.ONTHE-WAY.COM

+8809638336677
+8801894829225

ontheowayqueen@gmail.com

HOUSE# 74 ROAD# 7, BLOCK# H, BANANI, DHAKA-1213, BANGLADESH

WWW.ONTHE-WAY.COM

# International Management Consultants, Inc. (IMC), USA

International Management Consultants (IMC-USA) is a USA registered consulting company which provides customized consulting services in all areas of business, including business strategy, business execution, business turn around.


IMC-USA provides customized consulting services from USA to clients in many countries of the world including Bangladesh. IMC-USA provides consulting services in many industries including IT, ITES, Start Up, Accelerating Capital, Venture Capital, Garments, E-Commerce, Supply Chain, AIBT arranges training both online and on premises now also related to "On the Way" as professional partner.





International Management Consultants Inc.

## Drapaudi Fashion LLC

Drapaudi Fashions LLC. (Drapaudi-USA) is a USA registered garments import-export company operating from USA in three countries and now also related to “On the Way” as professional partner.





# YOUNG COLOR

## Young Color LLC. (Young Color), USA

**Young Color LLC. (Young Color), USA is a USA registered garments import-export company operating from USA in three countries and now also related to "On the Way" as professional partner.**









**Men's Foundry LLC, USA is a USA registered garments import-export company operating from USA in three countries and now also related to "On the Way" as professional partner.**

On The Way

নারী থেকে উদ্যোক্তা